# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 14 April, 2025

১৩৫ বছরের পুরোনো ইংলিশ কাউন্টি ক্রিকেটে ইতিহাস গড়েছে ইয়র্কশায়ার।রোববার (১৩ এপ্রিল) কাউন্টি চ্যাম্পিয়নশিপের প্রথম বিভাগে উস্টারশায়ারকে ৫০৪ রানে হারিয়েছে তারা।কাউন্টি ক্রিকেট ইতিহাসে এটাই এখন রানের হিসাবে সবচেয়ে বড় ব্যবধানে জয় হেডিংলিতে প্রথম ইনিংসে ৪৫৬ রান করা ইয়র্কশায়ার ৩১৫ রান তুলে দ্বিতীয় ইনিংস ঘোষণা করে।প্রথম ইনিংসে ১৬২ রানে গুটিয়ে যাওয়া উস্টারশায়ারের সামনে দাঁড়ায় ৬১০ রানের পাহাড়সম লক্ষ্য।সে পাহাড়ের নিচে চাপা পড়তে বেশি সময় লাগেনি উস্টারের।নিজেদের দ্বিতীয় ইনিংসে ১০৫ রান তুলতেই দলটির সব ব্যাটার সাজঘরের পথ ধরেন।তাতেই ইতিহাস গড়া এক জয়ের সাক্ষী হয়েছে ইয়র্কশায়ার।

কাউন্টিতে রানের হিসাবে এই প্রথম ৫০০ রানের ব্যবধানে জিতল কোনো দল।এতদিন কাউন্টিতে সবচেয়ে বড় ব্যবধানে জয়ের কীর্তি ছিল সারের দখলে।২০০২ সালে লেস্টারশায়ারকে ৪৮৩ রানে হারিয়ে ওই কীর্তি গড়েছিল তারা।সারের সেই জয়ে ভেঙেছিল ৮৯ বছরের পুরোনো রেকর্ড।১৯১৩ সালে গ্লস্টারশায়ারকে ৪৭০ রানে হারিয়ে যে রেকর্ডটি করেছিল সাসেক্স।

এদিকে বিশ্বের ঘরোয়া প্রথম শ্রেণির ক্রিকেটে সবচেয়ে বড় জয়ের কীর্তি এখনো ভারতের রঞ্জি দল মুম্বাইয়ের দখলে।তিন বছর আগে ২০২২ সালে রঞ্জি ট্রফিতে উত্তরাখন্ডকে ৭২৫ রানে হারিয়ে নতুন রেকর্ড গড়ে মুম্বাই।

এর আগে প্রায় ৯২ বছর ধরে ঘরোয়া প্রথম শ্রেণির ক্রিকেটে সবচেয়ে বড় ব্যবধানে জয়ের কীর্তি ছিল অস্ট্রেলিয়ার শেফিল্ড শিল্ডের দল নিউ সাউথ ওয়েলসের দখলে।১৯২৯-৩০ মৌসুমে শেফিল্ড শিল্ডে কুইন্সল্যান্ডকে ৬৮৫ রানে হারিয়ে রেকর্ড গড়েছিল তারা।

ক্রিকেট কাউন্টি ক্রিকেট,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 11:12

URL: https://timestodaybd.com/sports/832612791